

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
জনসংযোগ শাখা
বিজিআইসি টাওয়ার, (১ম- ৪র্থ এবং ৯ম- ১০ম তলা)

স্মারক নম্বর ৫৩.২২.০০০০.১১০.১৭.০০১.১৯.৬৭

তারিখ: ০৩ আগস্ট ২০২০

প্রেস রিলিজ

বিষয়: বিআইসিএম এর নির্বাহী প্রেসিডেন্ট হিসেবে অধ্যাপক ড.মাহমুদা আক্তারের যোগদান

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের (বিআইসিএম) নির্বাহী প্রেসিডেন্ট হিসেবে যোগদান করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক ড. মাহমুদা আক্তার। গত ০৩ আগস্ট ২০২০ তারিখে (সোমবার), বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর কাছে তিনি যোগদানপত্র জমা দেন। অধ্যাপক ড. মাহমুদা আক্তার জাপানের সুকুবা ইউনিভার্সিটি থেকে ২০০০ সালে ম্যানেজমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের উপর পিএইচডি অর্জন করেন। এর আগে একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৭ সালে ম্যানেজমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং বিভাগ থেকে ১৯৮৭ সালে স্নাতক ও ১৮৮৮ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। অধ্যাপক ড. মাহমুদা আক্তার স্নাতক ও স্নাতকোত্তর দুই জায়গায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অর্জন করেন। বি.কম এবং এম.কম পরীক্ষায় বাণিজ্য অনুষদের চারটি বিভাগের মধ্যে তিনি প্রথম স্থান অর্জন করেন। এইচ. এস. সি. পরীক্ষায় ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় বাণিজ্য বিভাগ থেকে দ্বিতীয় স্থান অর্জন করে প্রেসিডেন্টশিয়াল গোল্ড মেডেল অর্জন করেন। প্রায় তিন দশকের ক্যারিয়ারে তিনি শিক্ষকতার পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স অব প্রফেশনাল অ্যাকাউন্টিং (এমপিএ) এর পরিচালক, পুঁজিবাজারের কোম্পানিগুলোর আর্থিক প্রতিবেদনে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য গঠিত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) এর কাউন্সিলর, বিডিবিএল ইনভেস্টমেন্ট সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদ এর সদস্য, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানির পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান, আইসিএবির বিভিন্ন বোর্ডের সদস্য, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, ও ফাইন্যান্স কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।



খালেদা জেসমিন
জনসংযোগ কর্মকর্তা

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
ফোন: ০১৯১২৭৭৬৪৭৪; ই-মেইল: mithmcj@gmail.com